



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৬৬.১৪.৭৫

তারিখঃ ২৮/১/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের যশোর জেলার বাঘারপাড়া উপজেলায় সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা হিসাবে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ রয়েছে, যা নিম্নরূপঃ

১. আপনার উপজেলায় গত ১৭/১২/২০১৭-১৮/১২/২০১৭ খ্রিঃ নারী নেতৃত্ব ও বিকাশ শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করার পূর্বে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করার নির্দেশনা স্বত্বেও আপনি প্রকল্প দপ্তরকে অবহিত না করে প্রশিক্ষণ আয়োজন করেছেন যা প্রকল্পের এই সংক্রান্ত নির্দেশনা স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৬৫.২৪.১২-৭৭৮ তারিখঃ ০৭/১১/২০১৭ খ্রিঃ এর সুস্পষ্ট লংঘন।
২. প্রশিক্ষণ অনুষ্ঠানের সাথে সাথে ছবি প্রেরণ করার নির্দেশনা স্বত্বেও প্রকল্প সদর দপ্তর থেকে যোগাযোগের পর প্রশিক্ষণ আয়োজনের কথা জানিয়েছেন, প্রশিক্ষণের সূচি এবং প্রশিক্ষণ সংক্রান্ত ছবি প্রেরণ করার নির্দেশ স্বত্বেও অনেক বিলম্বে প্রেরণ করেছেন এবং প্রেরিত ছবিতে অল্প কিছু সংখ্যক প্রশিক্ষনার্থীর উপস্থিতি দৃশ্যমান।
৩. সমিতির ম্যানাজারদের সাংগঠনিক কর্মকাণ্ডে আরও দক্ষ হিসাবে গড়ে তোলা এবং নেতৃত্ব দানে সক্ষমতা তৈরী করার উদ্দেশ্যে সাংগঠনিকভাবে ভাল সমিতির ম্যানাজারদের নিয়ে প্রশিক্ষণ আয়োজন করার নির্দেশনা স্বত্বেও আপনার প্রেরিত মাষ্টার রোল প্রকল্পের সফটওয়্যার বিশ্লেষণ করে বিভিন্ন অসংগতি পরিলক্ষিত হয় যা নিম্নরূপ-
ক) আপনি খেলাপী সমিতির ম্যানাজার, অকার্যকর সমিতির ম্যানাজার, কম সদস্য বিশিষ্ট পুরাতন সমিতির ম্যানাজারদের প্রশিক্ষণ প্রদান করেছেন;
খ) প্রশিক্ষণ প্রদানকারী কতিপয় ম্যানাজার নিয়মিত সঞ্চয় জমা করেন না এবং অনেকেই দীর্ঘদিন ধরে কোন সঞ্চয় জমা করেননি ও তাদের নামে কোন ঋণও নেই।
৪. কতিপয় ম্যানাজারের সাথে কথা বলে জানা গেছে, আপনি ৪৫ জন ম্যানাজারের পরিবর্তে ৩৫ জন ম্যানাজারকে প্রশিক্ষণ প্রদান করেছেন, মাষ্টার রোলে উল্লেখিত অনেকে প্রশিক্ষণে ছিলেন না বলে জানিয়েছেন, আপনি তাদের স্বাক্ষরসহ মাষ্টার রোল প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করেছেন এবং কোন কোন ক্ষেত্রে মাষ্টার রোলের স্বাক্ষরের সাথে সফটওয়্যারের রক্ষিত মূল স্বাক্ষর এর অমিল রয়েছে;
৫. সফটওয়্যারের প্রদত্ত কয়েকজনের ম্যানাজারের মোবাইল নম্বর সঠিক বলে পাওয়া যায়নি এবং অনেক ম্যানাজারের নম্বর বন্ধ পাওয়া গেছে, তাছাড়া এ সকল সমিতির অন্য সদস্যদের ছবি এবং স্বাক্ষর সফটওয়্যার সংরক্ষিত অবস্থায় নেই। সফটওয়্যারে প্রকল্পভুক্ত সকল সদস্যদের ছবি, সঠিক মোবাইল নম্বর আপলোড করার জন্য প্রকল্প দপ্তরের পুণঃ পুণঃ নির্দেশনা অমান্য করেছেন।

এমতাবস্থায়, উল্লেখিত অভিযোগসমূহের জন্য কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা আগামী ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে প্রকল্প পরিচালক মহোদয় বরাবরে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জনাব মোঃ জুলফিকার আলী
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো)
উপজেলাঃ বাঘারপাড়া, জেলাঃ যশোর।

মোহাম্মদ আতিকুর রহমান
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন: ০২-৮১৮০১৪৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি।
২. উপপরিচালক, যশোর।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি(ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।